

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০০

স্মারক নং-খুপ্রবি/২৪৯৭

তারিখ: ৩০/০৩/১৮ইং

শোক বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৫/০৩/১৮ইং তারিখ রবিবার ময়মনসিংহের ভালুকায় ভাড়াকৃত অস্থায়ী বাসায় গভীর রাতে ঘুমন্ত অবস্থায় আকস্মিক একটি বিস্ফোরণজনিত দুর্ঘটনায় অত্র বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ৪র্থ বর্ষের ইন্ডাস্ট্রিয়াল এ্যাট্যাচমেন্টরত অত্যন্ত মেধাবী শিক্ষার্থী মোঃ তৌহিদুল ইসলাম (রোল নং-১৩২১১০৫০), মোঃ শাহীন মিয়া (রোল নং-১৩২১০০৪), মোঃ হাফিজুর রহমান (রোল নং- ১৩২১০৪৫) ও দিগন্ত সরকার (রোল নং- ১৩২১০৫৫) অকালে প্রাণ হারান।

এই মর্মান্তিক দুর্ঘটনার পর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শোকের ছায়া নেমে এসেছে। ছাত্র-শিক্ষকসহ বিশ্ববিদ্যালয় পরিবারের সবাই শোকে স্তব্ধ, বাকরুদ্ধ হয়ে পড়েছেন, বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকর্তা স্ববির হয়ে পড়েছে। এ বিশ্ববিদ্যালয়ে নিহতদের স্মরণে আগামী ৩১/০৩/২০১৮ইং তারিখ হতে ০২/০৪/২০১৮ইং তারিখ পর্যন্ত টানা ০৩ (তিন) দিনের শোক পালন করা হবে। এ সময় বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস বন্ধ থাকবে।

দুর্ঘটনার পর পরই আহতদের সুচিকিৎসার জন্য তাৎক্ষণিকভাবে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ণ ইউনিটে ভর্তি করা হয়। এ সময়ে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ও শিক্ষকগণ, শিক্ষার্থীরা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে তাদের সুচিকিৎসার জন্য সর্বোচ্চ চেষ্টা করেন। পূর্ব নির্ধারিত সকল কর্মসূচী বাদ দিয়ে ভাইস-চ্যান্সেলর মহোদয় ২৫/০৩/১৮ইং তারিখেই ঢাকায় রওনা হন। বার্ণ ইউনিটের প্রধান ডা. সামন্ত লাল সেন এর সাথে ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সার্বক্ষণিক যোগাযোগ চলতে থাকে। সময়ে সময়ে চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী তাদের সুচিকিৎসার প্রয়োজনে সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করা হয়। কিন্তু দুর্ভাগ্য যে, এর মধ্যেই আমাদের প্রিয় চারটি মুখ আমাদেরকে শোক সাগরে ভাসিয়ে দিয়ে না ফেরার দেশে চলে যায়। তাদের শোক-সন্তপ্ত পরিবার, সহপাঠী, শিক্ষকসহ সংশ্লিষ্টদের প্রতি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে গভীর সমবেদনা জানানো হচ্ছে। দুর্ঘটনার সঠিক কারণ উদ্ঘাটন ও এ বিষয়ে বিস্তারিত তদন্তের জন্য বুয়েটের প্রতিনিধি, বিসিএসআইআর এর বিশেষজ্ঞ কর্মকর্তা এবং এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের সমন্বয়ে ০৭ (সাত) সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। ইতোমধ্যে তদন্ত কমিটি কাজ শুরু করেছে। একই সাথে এই মর্মান্তিক দুর্ঘটনার সাথে জড়িত সকলকে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির জন্য সংশ্লিষ্ট প্রশাসনের কাছে দাবি জানানো হয়েছে।

নিহতদের চিকিৎসার সাথে জড়িত সকল চিকিৎসক, নার্স, দুর্ঘটনার পর থেকে রাত-দিন পরিশ্রম করা শিক্ষার্থী-শিক্ষকসহ এই চরম সংকটাপন্ন অবস্থায় যারা পাশে এসে দাড়িয়েছেন তাদের সকলের অকৃত্রিম সহযোগিতা এ বিশ্ববিদ্যালয় কৃতজ্ঞচিত্তে আজীবন স্মরণ করবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি প্রচার করা হলো।



(জি. এম. শহিদুল আলম)
রেজিস্ট্রার

স্মারক নং-খুপ্রবি/২৪৯৭/৫০

তারিখ: ৩০/০৩/১৮ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- ১। সকল ডীন/ইনস্টিটিউট পরিচালক/বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি তাঁর অধীনে সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ২। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়। (শোক পালনের কর্মসূচী গ্রহণের অনুরোধসহ)
- ৩। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি সকল শিক্ষার্থীদের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৫। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি তাঁর অধীনে সকল কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৬। সহকারী রেজিস্ট্রার (ডেসপাস, রিসিভিং এন্ড রেকর্ড সেকশন), অত্র বিশ্ববিদ্যালয়। (ই-মেইলের মাধ্যমেও প্রেরণের অনুরোধসহ)
- ৭। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ৮। জনসংযোগ ও তথ্য শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। সংরক্ষণ নথি।


(মো: আব্দুর রহমান)
সহকারী রেজিস্ট্রার